



মহান স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে দেশের সব স্তরের মানুষ এবং প্রবাসে থাকা বাংলাদেশিদের জন্য শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (২৫ মার্চ) তিনি এক বার্তায় বলেন, ২৬ মার্চ আমাদের ইতিহাসের এক গর্বের দিন। আমরা সেই বীর সন্তানদের শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি, যাদের আত্মত্যাগের কারণে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা সম্ভব হয়েছে। মহান মুক্তিযুদ্ধে অংশ নেওয়া মুক্তিযোদ্ধা, নির্যাতিত মা-বোন এবং দেশপ্রেমিক সব মানুষকে তিনি কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতা দিবস আমাদের সাহস, ত্যাগ ও দেশভক্তি নতুনভাবে উজ্জীবিত করে। স্বাধীনতার লক্ষ্য ছিল একটি সমৃদ্ধ, শান্তিপূর্ণ, গণতান্ত্রিক ও বৈষম্যহীন দেশ গঠন। সেই লক্ষ্য অর্জনের জন্য সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি আরও যোগ করেন, দেশের অগ্রগতি ও উন্নয়ন ত্বরান্বিত করতে জাতীয় ঐক্য, সহনশীলতা ও দেশপ্রেমকে হৃদয়ে ধারণ করা জরুরি। মেসেজের শেষ অংশে তিনি বলেন, আসুন আমরা সবাই নিজেদের অবস্থান থেকে দেশের কল্যাণে কাজ করি এবং সম্মিলিত উদ্যোগে একটি উন্নত ও মর্যাদাশীল বাংলাদেশ গড়ে তুলি। স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত সকল কর্মসূচির সাফল্য কামনা করেন প্রধানমন্ত্রী।